

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩০১৪

১০. কিতাবুল জানাইয এবং জানাযার পুর্বাপর সংশ্লিষ্ট বিষয় (كِتَابُ الْجَنَائِزِ وَمَا يَتَعَلَّقُ بِهَا مُقَدَّمًا أَوْ مؤخراً) পরিচ্ছেদঃ কোন মানুষের জন্য দুনিয়াতে অপর মানুষের ভালো প্রশংসা আল্লাহ সাব্যস্ত করেন

ذِكْرُ إِثْبَاتِ اللَّهِ ـ جَلَّ وَعَلَا ـ لِلْمَرْءِ حُكْمَ ثَنَاءِ النَّاسِ عَلَيْهِ فِي الدُّنْيَا

আরবী

3014 ـ أَخْبَرَنَا عِمْرَانُ بْنُ مُوسَى بْنِ مُجَاشِعِ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عُبَيْدِ بْنِ حِسابِ قَالَ: حَدَّثَنَا حَمَّادُ بْنُ زَيْدٍ عَنْ ثَابِت عَنْ أَنَسٍ قَالَ: مُرَّ عَلَى النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (وَجَبَتْ) ثُمَّ مُرَّ عَلَيْهِ بِجِنَازَةٍ فَأُثْنِي عَلَيْها خَيْرًا فَقَالَ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (وَجَبَتْ) فَقِيلَ: يَا رَسُولَ اللَّهِ قلتَ لِهَذَا: عَلَيْها شَرَّا فَقَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (وَجَبَتْ) فَقِيلَ: يَا رَسُولَ اللَّهِ قلتَ لِهَذَا: (وَجَبَتْ) وَقلتَ لِهَذَا: (وَجَبَتْ)؟ فَقَالَ: (شَهَادَةُ الْقَوْمِ وَالْمُؤْمِنُونَ شُهُدَاءُ اللَّهِ في الأَرض)

الراوي: أنس بن مَالِكِ المحدث: العلامة ناصر الدين الألباني ا المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 3014 اخلاصة حكم المحدث: صحيح – ((أحكام الجنائز)) ق.

বাংলা

৩০১৪. আনাস বিন মালিক রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের পাশ দিয়ে একটি জানাযা নিয়ে যাওয়া হলে লোকজন তার ভালো প্রশংসা করেন। তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, "অবধারিত হয়ে গেলো।" তারপর তাঁর পাশ দিয়ে আরেকটি জানাযা নিয়ে যাওয়া হলে লোকজন তার সম্পর্কে মন্দ কথা বলেন। তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, "অবধারিত হয়ে গেলো।" তখন বলা হলো, "হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম, আপনি এই জানাযার ক্ষেত্রেও বললেন, "অবধারিত হয়ে গেলো" আবার ঐ জানাযার ক্ষেত্রেও বললেন, "অবধারিত হয়ে গেলো"? জবাবে তিনি বলেন, "লোকদের সাক্ষেয়র ভিত্তিতে (তাদের জন্য জান্নাত ও জাহান্নাম অবধারিত হয়ে গেছে)। মুমিনগণ জমিনে আল্লাহর সাক্ষী।"[1]



ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৩/১৮৬৫; সহীহুল বুখারী: ২৬৪২; সহীহ মুসলিম: ৯৪৯; ইবনু মাজাহ: ১৪৯১; সুনান বাইহাকী: ১০/২০৯; বাগাবী: ১৫০৮।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আহকামুল জানাইয: ৬০ পৃষ্ঠা)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন